36

দৈনিক ইত্তেফাক

8 SEP 1998

তারিখ 8 SEP 1998
পৃঃ ৪ কলাম ৭

# নওগাঁর দুইটি সরকারী কলেজে অধ্যক্ষ নাই

নওগাঁ শহরের সাপাহার সরকারী ডিগ্রী কলেজ এবং নজিপুর সরকারী ডিগ্রী কলেজে বৎসরাধিককাল হইতে অধ্যক্ষ নাই। ফলে ঐ দুইটি সরকারী কলেজে প্রশাসনিক জটিলতা অস্বাভাবিকভাবে বাড়িয়া গিয়াছে। বাড়িয়া গিয়াছে, পরীক্ষায় ফ্রি ষ্টাইল নকল, শিক্ষকদের ক্লাস না লইবার প্রবণতা, অর্থ আত্মসাৎ এবং কারণে-অকারণে কলেজ বন্ধ রাখার ঘটনা। এইসব কারণে অভিভাবকগণ ভীষণ দুশ্চিন্তায় পড়িয়াছেন। নিরাপত্তাহীনতার কারণে তাঁহারা ছেলেমেয়েদের হোষ্টেলে রাখিতে পারিতেছেন না। এই সুযোগে বহিরাগত শিক্ষক-শিক্ষিকাগণ তাঁহাদের পরিবার-পরিজন লইয়া ছাত্র-ছাত্রীদের হোষ্টেল কক্ষ দখল করিয়া তথায় বহাল তবিয়তে বসবাস করিতেছেন। পরীক্ষার সময় ছাত্র-ছাত্রীরা শিক্ষকদের প্রত্যক্ষ সহযোগিতায় বেপরোয়া নকল করিয়া পরীক্ষা দিতেছে। থানা প্রশাসনকে ম্যানেজ করিবার নামে 'নকল ফি' বা 'ব্যবস্থাপনা ফি' আদায় করা হইতেছে। এমতাবস্থায় উক্ত কলেজ দুইটির অনিয়মরোধে অতিসত্তর অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অধ্যক্ষ পদে নিয়োগ দানের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

সাধন মজুমদার,
চকদেব, নওগাঁ।

STATISTICS

SHEET — OF — SHEETS